



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
অফিস ফোন : ০২- ৯৫৫৩৫৩৫
e-mail: dgmewt@krishibank.org.bd



প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

প্রকা/ককপবি-০১(৪)অংশ-০৪/২০২০-২০২১/১৫৩

তারিখ : ১৩-০৮-২০২০

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়।
- ০৫। সকল বিভাগীয়/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।


বিষয় : ১৫ আগস্ট, ২০২০ "জাতীয় শোক দিবস" উপলক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিটি শাখা ও কার্যালয় কর্তৃক ৫(পাঁচ)টি করে বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ এবং এর পরিচর্যা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। গত ০৯-০৮-২০২০ তারিখে ব্যাংকের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ব্যাংকের নির্বাহীবৃন্দ এবং সিবিএসহ ব্যাংকের বিভিন্ন সংগঠনের এর প্রতিনিধিগণের অংশগ্রহণে ব্যাংকের বোর্ড রুমে ১৫ আগস্ট, ২০২০ "জাতীয় শোক দিবস" যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক হতে গৃহীতব্য কার্যক্রম/কর্মসূচি বিষয়ক এক প্রস্ততিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় এতদ্বিবয়ক সার্বিক দিক বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ এবং এর পরিচর্যা বিষয়ক প্রস্ততিমূলক সভার কার্যবিবরণী ০৬ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত মোতাবেক ১৫ আগস্ট, ২০২০ "জাতীয় শোক দিবস" উপলক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিটি শাখা ও কার্যালয় কর্তৃক ৫(পাঁচ)টি করে বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ এবং এর পরিচর্যা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০৩। তদ্ব্যপেক্ষিতে অত্র ব্যাংকের প্রতিটি শাখা ও কার্যালয় কর্তৃক বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজ কার্যালয়ে কিংবা অন্য কোন সুবিধাজনক স্থানে গাছ লাগাতে হবে। বর্ণিত বৃক্ষরোপনের ক্ষেত্রে ফলজ ও ঔষধী গাছ রোপন এবং উক্ত ৫(পাঁচ)টি করে বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণের পাশাপাশি পরিচর্যা সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট শাখা/কার্যালয় কর্তৃক বহন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়/আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয় কর্তৃক নিজ কার্যালয়/শাখার বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ এবং এর পরিচর্যা সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ করতে হবে।
- ০৪। এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদাত বার্ষিকী এবং ১৫ আগস্ট, ২০২০ "জাতীয় শোক দিবস" পালন উপলক্ষে সরকারি কর্মসূচির আওতায় ব্যাংকের প্রতিটি কার্যালয়/শাখায় কিংবা অন্য কোন সুবিধাজনক স্থানে ৫(পাঁচ)টি করে গাছ লাগানোর জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ০৫। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-


(মোঃ মাসুদ রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ককপবি-০১(৪)অংশ-০৪/২০২০-২০২১/১৫৩(১২০০)

তারিখ: ১৩-০৮-২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক/অধ্যক্ষ, স্টাফ কলেজ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। নথি/মহানথি।


(মোঃ আমিরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক